গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

# জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)-এর ২৭তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব জাকিয়া সুলতানা<br>সচিব, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | ১৪ জুন, ২০২২ খ্রি. |
| সময় | : | সকাল ১০.৩০ টা |
| স্থান | : | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এনপিও'র মহাপরিচালক ও জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সদস্য-সচিব জনাব মুহম্মদ মেসবাহুল আলম সভায় কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | গত ১৯ মে, ২০২২ তারিখে অনুষ্ঠিত ২৬তম সভার কার্যবিবরণীর সংশোধনীর বিষয়ে মতামত আহবান করা হয়। এতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ় করা যেতে পারে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন। | বিগত ২৬ তম সভার কার্যবিবরণীটি দৃঢ় করা হয়। | |
| ০২ | এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত | মহাপরিচালক এনপিও সভাকে অবহিত করেন, গত ১৩ মার্চ ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বর্ণিত সভায় এনপিও'র বিদ্যমান জনবলের অতিরিক্ত ৩৩টি পদ সৃজন এবং যুগ্ম-পরিচালকের পদ বিলুপ্ত করে সৃজিত পদগুলি তফসিলে অন্তর্ভুক্তিসহ নিয়োগ বিধিমালা ২০২২ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় নিয়োগ বিধিমালা ২০২২-এর পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করেছে।<br><br>সভাপতি বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এনপিওকে অধিদপ্তরে আপগ্রেডেশনের প্রস্তাব দুইবার নাকচ করা হয়েছে যার প্রেক্ষিতে পুনরায় প্রস্তাব দেওয়া ঠিক হবেনা। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সাথে এ ব্যাপারে আলোচনা করবেন মর্মে সভাকে জানান।<br><br>সভাপতি এনপিও দপ্তরকে অধিদপ্তরে রূপান্তরের বিষয়ে মহাপরিচালক এনপিওকে জনপ্রশাসন সচিব মহোদয়ের সাথে আলোচনা করার পরামর্শ প্রদান করেন। | এনপিও দপ্তরকে অধিদপ্তরে রূপান্তরের বিষয়ে শিল্প সচিব এবং মহাপরিচালক এনপিও জনপ্রশাসন সচিব মহোদয়ের সাথে আলোচনা করবেন। | মহাপরিচালক এনপিও |
| ০৩ | এনপিও'র জন্য বরাদ্দকৃত জমিতে ভবন নির্মাণ সংক্রান্ত | সভায় গত ১৩ জুন, ২০২২ তারিখে ভবন নির্মাণ সংক্রান্ত মামলাটির অগ্রগতি জানার জন্য ডিজি এনপিও মহোদয় কোর্টে গিয়েছিলেন এবং পরবর্তী শুনানির সম্ভাব্য তারিখ আগামী জুলাই/২০২২ মাসে হবে মর্মে মহাপরিচালক এনপিও সভাকে অবহিত করেন। মামলা সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য ডেপুটি অ্যাটর্নি জেনারেল কর্তৃক স্বাক্ষরিত পত্র আইন কর্মকর্তা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের দপ্তরে সরাসরি প্রদান করা হয়। আইন কর্মকর্তা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের দপ্তর হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে গত ২৯ মে, ২০২২ তারিখে ডিএজিকে প্রদান করেছেন। ডিএজি মামলা সংক্রান্ত প্রয়োজনীয় পেপারস এফিডেভিট করে কোর্টে জমা দিয়েছেন। | এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি নিষ্পত্তির জন্য চেষ্টা অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাপতি বর্ণিত মামলাটির পরবর্তী শুনানির আগে অ্যাটর্নি জেনারেল মহোদয়ের সাথে সাক্ষাত করে মামলাটি দ্রুত নিষ্পত্তির জন্য মহাপরিচালক, এনপিওকে নির্দেশনা প্রদান করেন । | | |
| ০৪ | এনপিও কর্তৃক বাস্তবায়িত কারিগরি প্রকল্পের ফলোআপ সংক্রান্ত | মহাপরিচালক এনপিও জানান, "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)-এর দুটি কাজ খুবই গুরুত্বপূর্ণ। এর একটি হল গবেষণা এবং অন্যটি হল প্রশিক্ষণ। এনপিও কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ নিয়ে অনেকেই উপকৃত হচ্ছেন।<br><br>সভাপতি প্রকল্পের মেয়াদ সম্পর্কে জানতে চাওয়ার প্রেক্ষিতে মহাপরিচালক এনপিও জানান, প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত আছে। তবে ডিসেম্বরের মধ্যে প্রকল্পের কার্যক্রম শেষ হওয়ার সম্ভাবনা কম কারণ কোভিড-১৯ এর কারণে প্রকল্পের কার্যক্রম এক বছর পরই শুরু করা হয়। এক্ষেত্রে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হবে।<br><br>এস এম ই এফ এর ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ মাহফুজুর রহমান বলেন, এনপিও'র এই প্রকল্পের ট্রেনিং-এর মাধ্যমে সবাই কতটুকু উপকৃত হচ্ছে সেটা মনিটরিং করা প্রয়োজন।<br><br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়িত কর্মশালা, প্রশিক্ষণ এবং সেমিনারের ফিডব্যাক সংগ্রহ করে রিপোর্ট আকারে উপস্থাপন করার উপর গুরুত্ব আরোপ করেন। | "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির আওতায় বাস্তবায়িত কর্মশালা, প্রশিক্ষণ এবং সেমিনারের ফিডব্যাক সংগ্রহ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে । | (ক) পরিকল্পনা অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক এনপিও<br>(গ) পিডি এনপিও |
| ০৫ | এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ | ডিজি এনপিও বলেন, ২০২২ সালের জন্য আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণের জন্য এপিও হতে প্রজেক্ট নোটিফিকেশন পাওয়া গেছে যা এনপিও'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং বিভিন্ন ট্রেডবডি/অ্যাসোসিয়েশনসহ ৬০ টিরও অধিক প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে। প্রেরিত প্রতিষ্ঠান কর্তৃক সাড়া পাওয়ার প্রেক্ষিতে সেবা কার্যক্রম গ্রহণের ব্যবস্থা নেয়া হবে। আরও কোনো প্রতিষ্ঠান যদি 'TES সেবা গ্রহণ' বিষয়ে আগ্রহী হয়, তবে তাঁদের সাথেও এ ব্যাপারে আলোচনা করা হবে।<br><br>সভাপতি বলেন, এ বছর বাংলাদেশ এপিও চেয়ারের পদটি অলংকৃত করেছে বিধায় সুযোগটি যথাযথভাবে কাজে লাগাতে হবে। সভাপতি প্রত্যেক দপ্তর সংস্থাকে বর্ণিত সেবা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br><br>ডিজি এনপিও সভাকে অবহিত করেন যে, টিইএস আবেদন ফরম এনপিও'র ওয়েবসাইট www.npo.gov.bd এবং এপিও'র ওয়েবসাইট www.apo-tokyo.org হতে Download করে অথবা অফিস চলাকালীন সময়ে সরাসরি যোগাযোগ করে সংগ্রহ করা যেতে পারে। | এপিও হতে আগামী ২০২২ সালের জন্য TES সেবা অনলাইন অথবা সরাসরি প্লাটফর্মে আয়োজন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ০৬ | সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর | মহাপরিচালক এনপিও সভাকে জানান, এনপিও বিভিন্ন ট্রেডবডির সাথে ০৮টি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। ০৫ জন কর্মকর্তাকে এসব ট্রেডবডির সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের কার্যাবলী ফলোআপ করার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে। গত ১৯ এপ্রিল ২০২২ তারিখে বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন ও এনপিও'র সহযোগিতায় Seminar on Productivity for Better Future শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ চেম্বার অব ইন্ডাষ্ট্রি (বিসিআই)-এর সাথে একটি সেমিনার শীঘ্রই অনুষ্ঠিত হবে। এছাড়া অন্যান্য প্রতিষ্ঠানের সাথেও কার্যক্রম গ্রহণের জন্য যোগাযোগ অব্যাহত রয়েছে।<br><br>সভাপতি বাংলাদেশ চেম্বার অব ইন্ডাষ্ট্রি (বিসিআই)-এর সাথে সেমিনার হয়েছে কিনা জানতে চান। জবাবে মহাপরিচালক এনপিও | এনপিও কর্তৃক স্বাক্ষরিত ০৮টি সমঝোতা স্মারক যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন ও ট্রেডবডির সাথে মত বিনিময় করাসহ ফলোআপ অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বলেন, আলোচনাক্রমে শীঘ্রই সেমিনারের তারিখ নির্ধারণ করা হবে।<br><br>সভাপতি এমপ্লয়ার্স ফেডারেশনের সাথে অনুষ্ঠিত Productivity for Better Future শীর্ষক সেমিনার ফিডব্যাক সম্পর্কে মহাপরিচালক এনপিও বলেন, তিনি উক্ত সেমিনারের ফিডব্যাক সচিব, শিল্প মন্ত্রণালয়কে লিখিত আকারে জানাবেন। | | |
| ০৭ | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ | মহাপরিচালক এনপিও সভায় জানান, গত ১২/০৬/২০২২ তারিখে এনপিও এর ২ জন কর্মকর্তা এ বিষয়ে জানার জন্য NCTB-এর চেয়ারম্যান মহোদয়ের সাথে যোগাযোগ করেছেন। তিনি তাঁর কার্যালয়ের কারিকুলাম বিশেষজ্ঞের সাথে শীঘ্রই এবিষয়ে আলোচনা/ কর্মশালা আয়োজন করার জন্য পরামর্শ দিয়েছেন। তিনি বলেন, জুন/২০২২ মাসের মধ্যেই NCTB-এর সাথে একটি আলোচনা/ কর্মশালা আয়োজন করা হবে।<br><br>সভাপতি বলেন, বাংলাদেশের শিক্ষা কারিকুলামে ব্যাপক পরিবর্তন আনা হয়েছে। এই সময়ে যদি উৎপাদনশীলতা বিষয়টি কারিকুলামে অন্তর্ভুক্ত করা যায় তাহলে তা অত্যন্ত ইতিবাচক প্রভাব রাখবে।<br><br>সভাপতি, নাসিব বলেন, কারিগরি শিক্ষাবোর্ডে যেসকল সিএস (কারিকুলাম সিলেবাস) ডেভেলপ করা হয়, তাতে যদি উৎপাদনশীলতার একটি অধ্যায় যোগ করে দেয়া যায়, তবে শিক্ষার্থীরা উপকৃত হবে।<br><br>সভাপতি ডিজি এনপিওকে এ ব্যাপারে উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি মন্ত্রণালয়ের মাধ্যমে NCTB কে পত্র দেওয়ার জন্য নির্দেশ প্রদান করেন। | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলাম ও মাধ্যমিক শিক্ষা বোর্ডের সচিবের সাথে উৎপাদনশীলতা বিষয়ক Content টি অন্তর্ভুক্তির জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>মন্ত্রণালয়ের মাধ্যমে NCTB কে পত্র প্রেরণ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক এনপিও |
| ০৮ | এনপিও'র সহায়তায় শিল্প মন্ত্রণালয় ১০ (দশ) বছর মেয়াদী National Productivity Master Plan 2021-2030 প্রণয়ন | মহাপরিচালক, এনপিও সভাকে বলেন, National Productivity Master Plan 2021-2030 বাস্তবায়নে প্রস্তুতকৃত Action Plan যথাযথভাবে যাচাই-বাছাই করার জন্য ৫টি থিমেটিক গ্রুপকে নিয়ে গত এপ্রিল মাসে ৫টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালা হতে প্রাপ্ত সুপারিশসমূহ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি নিয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভার আয়োজন করা হবে।<br><br>সভাপতি National Productivity Master Plan 2021-2030-এর উপর প্রস্তুতকৃত Action Plan অনুযায়ী গৃহীত কার্যক্রমসহ একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বানের সময় নির্ধারণের প্রস্তাব প্রেরণের পরামর্শ প্রদান করেন। | National Productivity Master Plan এর উপর প্রস্তুতকৃত Action Plan বাস্তবায়নে আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক এনপিও |
| ০৯ | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ প্রদান করা | মহাপরিচালক এনপিও সভাকে জানান, মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ এর সনদ ও ট্রফি বিতরণ অনুষ্ঠান গত ২৯/০৫/২০২২ তারিখে হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হয়েছে। ২৬টি প্রতিষ্ঠান ও ১টি অ্যাসোসিয়েশনকে অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। পরবর্তী বছরের অ্যাওয়ার্ড প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। অ্যাওয়ার্ডের জন্য যারা আবেদন করেন তাঁদেরকে নিয়ে জুন/২০২২ মাসে একটি ওরিয়েন্টেশন ক্লাস অনুষ্ঠিত হবে।<br><br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২১-এর জন্য ব্যাপক প্রচারণা চালানোর জন্য ডিজি, এনপিওকে নির্দেশনা প্রদান করেন। | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২১ এর জন্য ব্যাপক প্রচারণা চালাতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১০ | এনপিও এর | এনপিও কর্তৃক প্রকাশিত উৎপাদনশীলতা বার্তার ১০ম সংখ্যা সরকারি মুদ্রণালয় হতে মুদ্রণের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ে শীঘ্রই প্রেরণ করা হবে। | উৎপাদনশীলতা বার্তা যেন নির্ভুল হয় তা | মহাপরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ | সভাপতি উৎপাদনশীলতা বার্তায় সঠিক তথ্য যেন সন্নিবেশিত হয় সে বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দেয়ার জন্য মহাপরিচালক এনপিওকে পরামর্শ প্রদান করেন। | নিশ্চিত করতে হবে। | এনপিও |
| ১১ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র গবেষণা বিষয়ক তথ্যাদি | মহাপরিচালক এনপিও বলেন, ৩টি গবেষণা কার্যক্রমের জন্য consultancy নিয়োগ দেয়ার লক্ষ্যে EOI পত্রিকায় প্রকাশিত হয়। বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) বিষয়ক গবেষণার ৯টি এবং বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) বিষয়ক গবেষণার ০৫টি সহ মোট ১৪টি EOI পাওয়া গেছে। এ বিষয়ে এনপিও থেকে ২ জন গবেষণা কর্মকর্তাকে EOI ফর্মে EOI প্রেরণকৃতদের তথ্য এন্ট্রির জন্য দায়িত্ব দেওয়া হয়েছে। তারা এটি নিয়ে কাজ করছে।<br><br>মহাপরিচালক এনপিও সভাকে আরো জানান যে, কোভিড-১৯ পরবর্তী শিল্প সেক্টরের ক্ষতি এবং সৃষ্ট সুযোগ অনুসন্ধানের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য বিবিএস-এর সাথে যোগাযোগ হচ্ছে।<br><br>সভাপতি এনপিও কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে ৩টি গবেষণা কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে মহাপরিচালক এনপিওকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন । | এনপিও কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে ৩টি গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে । | (ক) মহাপরিচালক এনপিও |
| ১২ | বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানে Material Flow Cost Accounting (MFCA) বাস্তবায়ন | সভায় মহাপরিচালক এনপিও বলেন, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন কর্তৃক প্রতিষ্ঠান নির্বাচন করে এনপিওতে প্রস্তাব প্রেরণ করা হলে তা এপিওতে প্রেরণ করা হবে।<br><br>চেয়ারম্যান বিসিআইসি বলেন, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন এ Material Flow Cost Accounting (MFCA) সংক্রান্ত কোন কার্যক্রম চলমান নেই। এনপিও কী পদ্ধতি অনুসরণ করে কাজটি করবে সে ব্যাপারে বিসিআইসিকে অবহিত করলে বিসিআইসির আওতাধীন ৩টি প্রতিষ্ঠানে MFCA বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হবে।<br><br>সভাপতি বলেন, Material Flow Cost Accounting (MFCA) এর কার্যক্রম ধাপে ধাপে প্রত্যেক দপ্তর সংস্থার বাস্তবায়নের সুযোগ রয়েছে। তিনি MFCA-এর কার্যক্রম বাস্তবায়নের জন্য দপ্তর-সংস্থা, কর্পোরেশনের প্রধানগণকে বর্ণিত কর্মসূচি গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের নির্বাচিত প্রতিষ্ঠানে Material Flow Cost Accounting (MFCA)-এর কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | (ক) মহাপরিচালক এনপিও<br>(খ) চেয়ারম্যান বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন |
| ১৩ | কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ | সভায় মহাপরিচালক এনপিও জানান, এনপিও কর্তৃক কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত Labour Force Survey প্রয়োজন। বিবিএস-এর Labour Force Survey নামক পরবর্তী প্রকাশনা প্রকাশের পর উক্ত কার্যক্রম সম্পন্ন করা হবে। তিনি বলেন, প্রত্যেক ৩ বছর পর পর Labour Force Survey প্রকাশিত হয়। ২০১৭-১৮ অর্থবছরে সর্বশেষ এটি প্রকাশিত হয়েছিল। Labour Force Survey নামক পরবর্তী প্রকাশনা প্রকাশ না হওয়া পর্যন্ত উৎপাদনশীলতা লেভেল নির্ধারণের তথ্যগুলো পাওয়া যাবে না বিধায় পরবর্তী প্রকাশনার জন্য অপেক্ষা করা হচ্ছে।<br><br>সভাপতি বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর Labour Force Survey প্রকাশ করা নিয়মিত কাজের একটি অংশ। তিনি বিবিএস-এর বার্ষিক প্রতিবেদন থেকে পর্যাপ্ত তথ্য পাওয়া সাপেক্ষে কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য | এনপিও কর্তৃক কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য Labour Force Survey এর পাশাপাশি বিবিএস-এর বার্ষিক প্রতিবেদন সংগ্রহ করতে হবে। | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপর গুরুত্বারোপ করেন।<br><br>সভাপতি Labour Force Survey-এর পাশাপাশি বিবিএস-এর অন্যান্য বার্ষিক প্রতিবেদন সংগ্রহ করার জন্য ডিজি এনপিওকে নির্দেশনা প্রদান করেন। | | |
| ১৪ | উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা বিষয়ক প্রামাণ্য চিত্র প্রচার | সভায় মহাপরিচালক জানান, উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য টিভিসি প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এজন্য একটি স্ক্রিপ্ট তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয় হতে কিছু নির্দেশনা পাওয়ার পর টিভিসি প্রস্তুতকারি কয়েকটি প্রতিষ্ঠানের সাথে এ বিষয়ে আলোচনা করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরের প্রথম কোয়ার্টারের মধ্যেই টিভিসি প্রস্তুত সম্পন্ন করা হবে।<br><br>সভাপতি জাতীয় উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত একটি টিভিসি ২০২১-২২ অর্থবছরের মধ্যে তৈরি না করায় অসন্তোষ প্রকাশ করেন। এ ব্যাপারে আরও উদ্যোগী ভুমিকা পালন করার জন্য মহাপরিচালক এনপিওকে পরামর্শ প্রদান করেন।<br><br>শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব জনেন্দ্র নাথ সরকার বলেন, বিটিভিসহ বেসরকারি টেলিভিশনে উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি ছোট ছোট পুস্তিকা প্রস্তুত করে সকল মন্ত্রণালয়ের সচিব মহোদয়গণকে ডিও লেটারের মাধ্যমে প্রেরণ করা হলে উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা ব্যাপকহারে বৃদ্ধি পাবে। ডিজি এনপিও বলেন, সকল জেলা প্রশাসকের মাসিক সমন্বয় সভায় উৎপাদনশীলতা বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্য কেবিনেট ডিভিশনে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি জাতীয় উৎপাদনশীলতা বিষয়টি নিয়ে দেশব্যাপী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে টিভিসি প্রস্তুতপূর্বক যথাযথভাবে পদক্ষেপ গ্রহণ করার জন্য এনপিও'র ডিজিকে পরামর্শ প্রদান করেন। | উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য টিভিসি তৈরি করে বিটিভিসহ অন্যান্য বেসরকারি চ্যানেলে সম্প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১৫ | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা সংশোধন | ডিজি এনপিও বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড সংক্রান্ত বর্তমান নীতিমালাটি সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। তিনি আরো বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড-এর আবেদন সংখ্যা বৃদ্ধির জন্য এনপিও নিরলসভাবে কাজ করে যাচ্ছে।<br><br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা এর সংশোধনের কার্যক্রম সমাপ্ত করে জুন, ২০২২ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য ডিজি এনপিওকে নির্দেশ প্রদান করেন। | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা সংশোধনের কার্যক্রম সমাপ্ত করে জুন, ২০২২ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১৬ | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল | ডিজি এনপিও বলেন, এনপিও ও এপিও'র সহায়তায় বিভিন্ন সময়ে বাংলাদেশ ও আন্তর্জাতিকভাবে অনুষ্ঠিত প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালায় অংশগ্রহণকারী রিসোর্স পারসনগণের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের জন্য এনপিও কর্তৃক ০৮ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি রির্সোস পারসনগণের তালিকা প্রস্তুত করবে। সে তালিকা অনুযায়ী রিসোর্স পারসনগণকে আমন্ত্রন জানানো হবে এবং ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দেওয়া হবে।<br><br>বাংলাদেশ এমপ্লার্য়াস ফেডারেশন-এর প্রতিনিধি জোহা জামিলুর রহমান বলেন, উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল-এ ইন্ডাস্ট্রির সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গকে যুক্ত করা হলে ইন্ডাস্ট্রির উৎপাদনশীলতা বৃদ্ধিপাবে। | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ-এর প্রতিনিধি জনাব মোঃ জয়নাল আবেদিন বলেন, ডিসিসিআই-এর অধীন ঢাকা চেম্বার বিজনেস ইনস্টিটিউট নামে একটি প্রতিষ্ঠান রয়েছে। প্রতিষ্ঠানের ট্রেইনাররা জাপান, কোরিয়া সুইজারল্যান্ড থেকে প্রশিক্ষণপ্রাপ্ত। তাঁরা উৎপাদনশীলতা বৃদ্ধিকল্পে কাজ করে থাকে। এনপিও ট্রেইনার পুল সংক্রান্ত ব্যাপারে উক্ত প্রতিষ্ঠানের সহযোগিতা নিতে পারে।<br><br>এপিও সোসাইটি ফর বাংলাদেশ-এর ভাইস প্রেসিডেন্ট জনাব আব্দুল কাইয়ুম মোহাম্মদ কিবরিয়া বলেন, দেশ/বিদেশে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণপ্রাপ্ত প্রায় ৪০০-৪৫০ জন প্রশিক্ষক আছে যারা এপিও সোসাইটি ফর বাংলাদেশ-এর সক্রিয় সদস্য। তারা উৎপাদনশীলতাকে বেগবান করার ক্ষেত্রে সক্রিয় ভূমিকা রাখতে সক্ষম। এই সব দক্ষ প্রশিক্ষকদের ট্রেইনার পুলে অন্তর্ভুক্ত করা হলে উৎপাদনশীলতা আন্দোলনকে আরও বেগবান করা সম্ভব।<br><br>সভাপতি বলেন, পৃথিবীর বিভিন্ন দেশে অবস্থানরত Non Resident Bangladeshi (NRB) এক্সপার্টদের অন্তর্ভুক্ত করে এপিও'র মাধ্যমে ট্রেইনার পুল গঠনের উপর গুরুত্ব আরোপ করেন। | | |
| ১৭ | উৎপাদনশীলতা বিষয়ক আইন | সভায় উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান এবং উৎপাদনশীলতা উন্নয়নকে টেকসই করার জন্য এনপিও কর্তৃক উৎপাদনশীলতা বিষয়ক আইনের খসড়া প্রস্তুত করা হয়েছে এবং শিল্প মন্ত্রণালয়ের আইন শাখার উপসচিব বরাবর প্রেরণ করা হয়েছে মর্মে মহাপরিচালক এনপিও জানান।<br><br>সভাপতি উৎপাদনশীলতা বিষয়ক আইনের খসড়া অধিকতর যাচাই-বাছাই করে বাস্তবায়নযোগ্য আইন করার উপর পরামর্শ প্রদান করেন। | উৎপাদনশীলতা বিষয়ক খসড়া আইন প্রস্তুতের কার্যক্রম সম্পাদনের জন্য মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক এনপিও |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/05/2022

(জাকিয়া সুলতানা)
সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)